



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

ctgcollege@yahoo.com
www.ctgcollege.gov.bd

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)

ভর্তির প্রাথমিক আবেদন ফরম উত্তোলন ও ফি জমাদানের সংক্রান্ত

বিজ্ঞপ্তি

চট্টগ্রাম কলেজ কোড- ৪৩০১


তারিখ : ০১/০৬/২০২৫

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২৬.০৫.২০২৫ খ্রি. তারিখের ১৬ (৬৯৩) জাতীয়বিঃ/রেজিঃ/একাঃ/প্রিলিমিনারী টু মাস্টার্স/ ২০২২-২০২৩/৫৩৪২ নং স্মারকের ভর্তি বিজ্ঞপ্তির আলোকে ০২ জুন ২০২৫ বিকেল ৪:০০ টা থেকে শুরু হয়ে ০৩ জুলাই ২০২৫ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত চলবে। আহ্বাহী শিক্ষার্থীগণ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions হতে ভর্তি ফরম ডাউনলোড করে আগামী ০৪ জুলাই ২০২৫ খ্রি. তারিখের মধ্যে বিকাশ/উপায়/রকেট অ্যাপস-এর মাধ্যমে নির্ধারিত প্রাথমিক আবেদন ফরম ফি বাবদ ৪০০/- (চারশত) টাকা জমা প্রদান করতে হবে।

ভর্তির আবেদন ফরম ডাউনলোড, ফি জমাদান ও অন্যান্য শর্তাসমূহ নিম্নরূপ :

১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত তিনবছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। এছাড়া আবেদনকারী প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়ে সনাতন পদ্ধতিতে ৪০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম জিপিএ ২.০০ পেতে হবে। তবে ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত চারবছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি আবেদনে সুযোগ পাবে না।

২। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক নির্ধারিত ওয়েবসাইট www.nu.ac.bd/admissions প্রবেশ করে **Masters Tab** এ গিয়ে **Apply Now (Masters Preli)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য হতে স্নাতক (পাস) পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন, ব্যক্তি নিবন্ধিত মেবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এছাড়া “জাতীয় বিশ্ববিদ্যালয়ের/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রম বর্তমানে আমি ভর্তি / অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকিব” মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকার নামা স্ক্যান করে অনলাইনে আবেদনে আপলোড করতে হবে।

১। প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার পর কলেজের ভর্তি ওয়েবসাইটে <https://ctgcollege.eshiksabd.com>  লিংকে প্রবেশ করে ইউজার আইডি **ctgstudent** ও পাসওয়ার্ড **ctgstudent** লগইন করতে হবে। এর পর Apply for Application Form এ ক্লিক করে প্রথমে Select Application Form Group এ **Admission Masters** সিলেক্ট করে NU Admission এর ৭ (সাত) ডিজিটের রোল নম্বর, Student Name ও শিক্ষার্থীর মোবাইল নম্বর লিখে Submit এ ক্লিক করে নিম্নোক্ত নিয়মে ফি পরিশোধ করতে হবে।

চলমান পাতা-২

২০/০৬/২৫

২) উপায়/রকেট/বিকাশ অ্যাপস লগইন করতে হবে।


- উপায়/বিকাশ অ্যাপসে এডুকেশন ফি (Education fee) সিলেক্ট করতে হবে।
- রকেট অ্যাপসে পে বিল সিলেক্ট করতে হবে।
- কলেজ ট্যাপ করে Chittagong College সিলেক্ট করতে হবে।
- স্টুডেন্ট আইডি নম্বরের জায়গায় ০৭ (সাত) ডিজিটের রোল নম্বর দিতে হবে।
- টাকার পরিমাণ দেখে ফি পরিশোধ করতে হবে।

৩) আবেদনকারী নির্ধারিত মোবাইল নম্বরে আবেদন ফরম নিশ্চয়ন সম্পর্কিত SMS পেয়ে না থাকলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের Admission Panel (app1.nu.edu.bd) এর Applicant's Account Login (Masters Preli) অপশনে Admission Roll ও Pin Number দিয়ে Login করলে প্রাপ্ত Panel এ View Application অপশনে Status: Received থাকলে ফরমটি কলেজ কর্তৃক Received হয়েছে (অর্থাৎ রিসিভ হলে সবুজ রং দেখাবে)।

View Application অপশনে Status: Submitted থাকলে (অর্থাৎ লাল রং দেখালে) প্রশাসনিক ভবন এর অফিস প্র-১০৪ নং কক্ষে অফিস সহকারী জনাব মোঃ গোলাম রহমান এর সাথে ০৬.০৭.২০২৫ খ্রি ও ০৭.০৭.২০২৫ খ্রি. তারিখ যোগাযোগ করার জন্য নির্দেশ দেয়া হলো।

বিঃদ্র: জাতীয় বিশ্ববিদ্যালয় প্রিলিমিনারী টু মাস্টার্স ভর্তি বিজ্ঞপ্তিতে প্রকাশিত সকল নিয়ম-নীতি মেনে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে।


প্রতি স্বাক্ষর:


(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)

আইডি নম্বর : ০০০০৮৫২৮

অধ্যক্ষ


চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম


(প্রফেসর মোহাম্মদ আবুল হাসেম চৌধুরী)
বিভাগীয় প্রধান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ

ও

আহ্বায়ক

প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কমিটি-২০২২-২০২৩


2/06/26